# স্কুলে অনুপস্থিতি সম্পর্কিত

# নির্ধারিত জরিমানার

## নোটিশবিষয়ক

### একটি সংক্ষিপ্ত নির্দেশিকা



RHONDDA CYNON TAF

VALE of GLAMORGAN
BRO MORGANNWG

MERTHYR TYDFIL County Borough Council
Cyngor Bwrdeistref Sirol Merthyr Tudful

CARDIFF
CAERDYDD

BRIDGEND

Central South Consortium
Consortiwm Canolbarth y De
Joint Education Service
Gwasanaeth Addysg ar y Cyd

**স্কুলে অনুপস্থিতির সাড়া দেয়ার সময় মা-বাবা/কেয়ারারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার বিকল্পস্বরূপ ফিক্সড্ প্যানাল্টি (নির্দিষ্ট পরিমাণ অর্থ দণ্ড) নোটিশ জারি করার ক্ষমতা স্থানীয় কর্তৃপক্ষগুলোকে শিক্ষা (জরিমানা নোটিশাবলী) (ওয়েল্স্) বিধিমালা ২০১৩ এর আওতায় প্রদান করা হয়েছে।**

*এই প্রক্রিয়াটির পরিচিতি ঘটানো হবে এবং তা ২০১৪ সনের সেপ্টেম্বর হতে কার্যকর হবে; যেসব পরিস্থিতিতে ফিক্সড্ প্যানাল্টি নোটিশ ব্যবহার করা হবে সেগুলো সম্পর্কে এই লিফলেটে সংক্ষিপ্ত তথ্যাবলী রয়েছে।*

## ফিক্সড্ প্যানাল্টি নোটিশ বলতে কি বুঝায়?

*এটি হচ্ছে এক ধরনের জরিমানা যা আরোপ করা হয়ে থাকে স্কুলে অননুমোদিত ভাবে অনুপস্থিত থাকলে। এর ফলে আদালতে হাজির হবার প্রয়োজন পড়ে না এবং অপরাধমূলক তথা ফৌজদারি কোন রেকর্ড হয় না।*

*ফিক্সড্ প্যানাল্টি নোটিশের পয়সা পরিশোধের মানে হচ্ছে মা-বাবা ম্যাজিস্ট্রেট্স্ কোর্টে বিচারের সম্মুখীন হওয়ার বিকল্প ব্যবস্থা।*

## অননুমোদিত অনুপস্থিতি বলতে কি বুঝায়?

*এটি হচ্ছে স্কুল থেকে এমন এক অনুপস্থিতি যেটি যুক্তিসঙ্গত নয় অথবা হেডটিচারের বিবেচনায় গ্রহণযোগ্য নয়। (অনুগ্রহ করে খেয়াল করুন যে, একমাত্র আপনার শিশুর স্কুলের হেডটিচারই পারেন কোন শিক্ষার্থীর অনুপস্থিতি মঞ্জুর করতে।)*

## ফিক্সড্ প্যানাল্টি নোটিশ কে জারি করেন?

*হেডটিচারদের অনুরোধের প্রেক্ষিতে স্থানীয় কর্তৃপক্ষ তথা কাউন্সিল এগুলো জারি করে থাকে।*

## কখন এগুলো ব্যবহার করা হয়?

- *চলিত টার্ম চলাকালীন সময়ে যখন এমন রেকর্ড দেখা যাবে যে একটি শিক্ষার্থী বিনা অনুমতিতে কমপক্ষে ১০টি সেশনে অনুস্থিত থেকেছে (এগুলো যে একটানা হতে হবে এমন কোন কথা নেই এবং অনুগ্রহ করে লক্ষ্য করুন যে এক স্কুল দিবস দুটি সেশনে বিভক্ত, সকাল এবং বিকাল);*
- *স্কুলে বারবার দেরি করে অর্থাৎ রেজিস্ট্রেশনের সময় পেরিয়ে যাবার পর আসার ঘটনা ঘটলে এর সাড়া হিসেবে। এ ক্ষেত্রেও, এটি ব্যবহার করা হবে যদি চলিত টার্মে কমপক্ষে দশটি বিলম্ব চিহ্ন রেকর্ড করা হয়;*
- *বিনা অনুমতিতে হলিডে-তে গেলে। মা-বাবাকে স্মরণ করিয়ে দেয়া হচ্ছে যে টার্ম চলাকালীন সময়ে পরিবারের সদস্যদেরকে নিয়ে হলিডে-তে গেলে এর পরিণতি হতে পারে ফিক্সড্ প্যানাল্টি নোটিশের জরিমানা প্রদান;*
- *যদি কোন মা কিংবা বাবা (অথবা উভয়ে) অথবা অভিভাবক(গণ) তাদের শিশুর অনুপস্থিতির ব্যাপারে স্কুল অথবা কাউন্সিলের সাথে জড়িত হবার চেষ্টা না করেন;*
- *যদি কোন শিক্ষার্থী স্কুল চলাকালীন সময়ে নিয়মিত পুলিশের নজরে পড়ে এবং যদি সে কোন গ্রহণযোগ্য কারণ ছাড়া স্কুল হতে অনুপস্থিত থাকে তাহলে পুলিশ কর্তৃপক্ষ একটি ফিক্সড্ প্যানাল্টি নোটিশ জারি করার অনুরোধ কাউন্সিলকে করতে পারে;*

*জরিমানার একটি নোটিশ জারি হবার আগে, লিখিত হুশিয়ারিসম্বলিত একটি চিঠি আপনি পাবেন, যেটিতে আপনার শিশু কতদিন স্কুলে অনুপস্থিত ছিল এবং আপনি একটি প্যানাল্টি নোটিশ পাবার সম্ভাবনা রয়েছে এসব কথা উল্লেখ থাকবে। উপস্থিতি ভাল করার জন্যে ১৫ দিন সময়ের একটি সুযোগ দেয়া হয়ে থাকে এবং যদি এই পনের দিন সময়সীমার মাঝে আর কোন অননুমোদিত অনুপস্থিতির রেকর্ড না থাকে তাহলে ফিক্সড্ প্যানাল্টি নোটিশ জারি করা হবে না। (যদি অনুমতি না নিয়ে হলিডে-তে যাবার কারণে কোন অনুপস্থিতি হওয়ায় ফিক্সড্ প্যানাল্টি জারি করা হয়ে থাকে তবে সে ক্ষেত্রে ১৫ দিনের এই হুশিয়ারিমূলক সময়টি প্রযোজ্য হবে না।)*

**কতটি হুশিয়ারিমূলক নোটিশ পাঠানো হতে পারে এর সঠিক কোন সীমিত সংখ্যা নেই।**

## আমি একটি হুশিয়ারিমূলক নোটিশ পেয়েছি এবং আমি প্যানাল্টি নোটিশ পেতে চাই না। তাহলে আমার কি করা উচিত?

- *নিশ্চিত করুন যে আপনার শিশু যেন প্রতিদিন স্কুলে যায় এবং ঠিক সময় মতন পৌঁছে*
- *যদি আপনার শিশু অসুস্থ হয় তাহলে নিশ্চিত করুন যে আপনি যেন প্রথম দিনই স্কুলের সাথে যোগাযোগ করেন এবং পরিস্থিতি ব্যাখ্যা করে বলেন*
- *টার্ম চলাকালীন সময়ে হলিডে-তে যাওয়া হতে বিরত থাকুন*

## জরিমানার পরিমাণ কত?

*যদি নোটিশ পাবার পর ২৮ দিনের মধ্যে পরিশোধ করা হয় তাহলে £৬০; আর যদি নোটিশ পাবার পর ৪২ দিনের মধ্যে পরিশোধ করা হয় তবে এর পরিমাণ বেড়ে £১২০ হবে।*

*মা-বাবার/কেয়ারারদের মধ্যে একজনের নাকি উভয়ের প্রতি ফিক্স্ড্ প্যানাল্টি নোটিশ জারি করা হবে তা নির্ভর করবে কাউন্সিলের বিবেচনার উপর।*

## আমি কিভাবে পরিশোধ করবো?

*আপনার ঘরের ঠিকানায় ফার্স্ট ক্লাশ ডাকযোগে প্যানাল্টি নোটিশটি পাঠানো হবে এবং কিভাবে জরিমানা পরিশোধ করতে হবে সে তথ্যও এর সাথে দেয়া হবে।*

## যদি পরিশোধ না করি তাহলে কি হবে?

*নোটিশ পাঠানোর তারিখের পর পরিশোধের জন্যে সর্বোচ্চ ৪২ দিনের যে চূড়ান্ত সময়সীমার সুযোগ দেয়া হয়েছে যদি এর মধ্যে জরিমানা পরিশোধ করা না হয়, তাহলে শিক্ষা আইন ১৯৯৬ এর ধারা ৪৪৪ (১) এর অধীনে অর্থাৎ স্কুলে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে ব্যর্থ হবার কারণে আপনার বিরুদ্ধে মামলা শুরু করতে কাউন্সিল আইনত বাধ্য হবে। ফলে আপনাকে হয়ত ম্যাজিস্ট্রেট্স্ কোর্টে হাজিরা দিতে হতে পারে এবং এর পরিণতিস্বরূপ প্রতিটি শিশুর ক্ষেত্রে মা এবং বাবা উভয়ের আলাদা আলাদাভাবে £১,০০০ করে জরিমানা হতে পারে।*

## আমি আপিল করতে পারবো কী?

*না। আপিল করার সংবিধিবদ্ধ অর্থাৎ আইনত কোন অধিকার নেই। যদি একবার প্যানাল্টি নোটিশটি পাঠানো হয় তবে সেটি একমাত্র তখনই প্রত্যাহার করা যাবে যদি তা ভুলক্রমে পাঠানো হয়ে থাকে।*

## যদি আমি ফিক্স্‌ড্ প্যানাল্টি নোটিশের জরিমানা পরিশোধ করি এরপরও কী আমার বিরুদ্ধে মামলা করা হতে পারে?

*ফিক্স্‌ড্ প্যানাল্টি নোটিশে উল্লেখিত অনুপস্থিতির একই সময়ের জন্যে আপনার বিরুদ্ধে মামলা করা যাবে না, কিন্তু যদি এরপর স্কুলে অনুপস্থিতি থাকার আর কোন ঘটনা ঘটে তবে এর জন্যে হয়ত আপনার বিরুদ্ধে পরবর্তীতে মামলা করা হতে পারে।*

*প্রতিটি বিষয় আলাদা আলাদাভাবে বিবেচনা করা হয়।*

## স্কুলে উপস্থিতির বিষয়টি এতো গুরুত্বপূর্ণ কেনো?

- *উপস্থিতি ভাল হলে অর্জন এবং সাফল্য বৃদ্ধি পায়*
- *উপস্থিতি ভাল হলে সুযোগ বৃদ্ধি পায়*
- *ভাল উপস্থিতি শিশু এবং কিশোর-তরুণকে সাহায্য করে এবং তাদেরকে নিরাপদ রাখে*
- *অনুপস্থিত থাকলে যেসব ঝুঁকির সম্ভাবনা থাকে স্কুলে উপস্থিত থাকলে সেগুলোর পরিমাণ কমে*

স্কুলে উপস্থিত না থাকলে সুযোগ হতে বঞ্চিত হবেন

***অনুগ্রহ করে মনে রাখুন***

খারাপ উপস্থিতি সমাধান করার জন্যে ফিক্স্‌ড্ প্যানাল্টি নোটিশ অথবা কোর্ট এ জাতীয় আইনানুগ পদক্ষেপের আশ্রয় না নিয়ে বরং কাউন্সিল চাইবে মা-বাবা/কেয়ারারদের সাথে কাজ করতে।

আপনার এলাকায় আরো সাহায্য অথবা উপদেশের জন্যে অনুগ্রহ করে যোগাযোগ করুন:

**ব্রীজ্এন্ড**
টেলিফোন: **01656 815276** ই-মেইল: **ewsteam@bridgend.gov.uk**

**কার্ডিফ**
টেলিফোন: **02920 629800** ই-মেইল: **ewsreferrals@cardiff.gov.uk**

**ম্যার্থার**
টেলিফোন: **01685 724681** ই-মেইল: **educationwelfare@merthyr.gov.uk**

**রোন্ডা ক্যানন্ টাফ্**
টেলিফোন: **01443 744298** ই-মেইল: **aws@rctcbc.gov.uk**

**ভেইল অব্ গ্লামোর্গান**
টেলিফোন: **01446 709180** ই-মেইল: **ewsrf@valeofglamorgan.gov.uk**